**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- 02 জে, তারিখঃ ১৯ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ / ০২ জুন ২০২০ খ্রিস্টাব্দ

**বিষয় ঃ- অধস্তন দেওয়ানী ও ফৌজদারী আদালত এবং ট্রাইব্যুনালসমূহে করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ রোধকল্পে স্বাস্থ্যবিধি অনুসরণ করা হচ্ছে কি না এবং ভার্চুয়াল শুনানীর মাধ্যমে কোর্ট পরিচালনার ক্ষেত্রে প্রতিবন্ধকতা নিরসণসহ সার্বিক বিষয়ে কমিটি গঠন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, দেশব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণ রোধকল্পে সামাজিক দূরত্ব বজায় রাখা নিশ্চিতকরণ ও শারীরিক উপস্থিতি ব্যতিরেকে তথ্য প্রযুক্তি ব্যবহার করে বিচার কার্য পরিচালনার লক্ষ্যে গত ৩০ মে, ২০২০ খ্রিস্টাব্দ তারিখের বিজ্ঞপ্তি নং ২৩০ মূলে প্র্যাকটিস নির্দেশনা জারী করা হয়। উদ্ভূত পরিস্থিতিতে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত স্বাস্থ্যবিধি বাধ্যতামূলকভাবে অনুসরণ করা হচ্ছে কি-না তা পর্যবেক্ষণ করা আবশ্যক। কোভিড-১৯ এর লক্ষণ উপসর্গ নিয়ে অসুস্থ বিচারক এবং সহায়ক কর্মকর্তা-কর্মচারীগণকে স্থানীয় স্বাস্থ্য সেবা বিভাগের সাথে দ্রুত যোগাযোগ করে স্বাস্থ্য সেবা নিশ্চিত করা আবশ্যক। এ বিষয়ে প্রত্যেক জেলার দায়িত্বপ্রাপ্ত বিজ্ঞ জেলা জজ/মহানগর দায়রা জজ ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট বিভিন্ন স্তরের বিচারকদের সমন্বয়ে মনিটরিং কমিটি গঠন করবেন।

অধস্তন আদালতের বিচারকগণের ও সহায়ক কর্মকর্তা-কর্মচারীদের শারীরিক অবস্থা এবং ভার্চুয়াল শুনানীর মাধ্যমে আদালত পরিচালনায় যে কোন সমস্যা সার্বক্ষণিক মনিটরিংসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান, সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণ এবং অন্যান্য বিষয়ে সমন্বয়ের জন্য অত্র কোর্টের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে নিম্নোক্ত কমিটি গঠন করা হলো ঃ

| ক্র. নং | কর্মকর্তার নাম ও পদবী | যোগাযোগ | কমিটির দায়িত্ব |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ গোলাম রব্বানী -সভাপতি<br>রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ | ৯৫১৪৬৪৬ (অফিস)<br>৪১০২২০১৪ (বাসা)<br>মোবাইল- ০১৭১১-৮৩৮৪২৬<br>registrar_hcd@supremecourt.gov.bd<br>judgerabbani@gmail.com | ১. স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে করোনা ভাইরাস (কোভিড-১৯) এর লক্ষণ উপসর্গ প্রাপ্ত অধস্তন আদালতের বিচারক ও সহায়ক কর্মকর্তা-কর্মচারীগণের জরুরী ভিত্তিতে স্বাস্থ্য সেবা বিভাগের সাথে যোগাযোগ করে চিকিৎসা গ্রহণের বিষয়ে পরামর্শ ও সহযোগিতা প্রদান করা।<br>২. ভার্চুয়াল কোর্ট পরিচালনা ও তথ্য-প্রযুক্তি বিষয়ে **স্পেশাল অফিসার** প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন।<br>৩. সরকার কর্তৃক বিভিন্ন সময় জারীকৃত স্বাস্থ্য সুরক্ষা ও স্বাস্থ্যবিধি সংক্রান্ত নির্দেশনা আবশ্যিকভাবে প্রতিপালন হচ্ছে কি-না তা পর্যবেক্ষণ, সচেতনকরণ এবং সময়ে সময়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা।<br>৪. অফিস ও আদালত প্রাঙ্গণ, আঙ্গিনা ও তৎসংলগ্ন রাস্তাঘাট জীবাণুমুক্তকরণ নির্দেশনা প্রদান। |
| ২. | জনাব মোহাম্মদ ওসমান হায়দার -সদস্য<br>অতিরিক্ত রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার) | ৯৫৬১৪০১ (অফিস)<br>মোবাইল- ০১৭১১-৩০৭১১৪<br>haider_osman@yahoo.com | |
| ৩. | জনাব মোঃ সাইফুর রহমান -সদস্য<br>স্পেশাল অফিসার | ৯৫৫৫৩২৪ (অফিস)<br>মোবাইল- ০১৭৫৩-৪১০৬২০<br>insaiful@yahoo.com | |
| ৪. | জনাব মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া -সদস্য<br>ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার) | ৯৫৬৬৮২৬ (অফিস)<br>মোবাইল- ০১৭৬৪০৩৮৫৭৮<br>aktar.dr@supremecourt.gov.bd<br>bm_aktar@yahoo.com | |
| ৫. | জনাব মোঃ মিজানুর রহমান -সদস্য<br>সহকারী রেজিস্ট্রার (বিচার) | ৯৫৬১৯৩২ (অফিস)<br>মোবাইল- ০১৮১৮-৪০৪৬৪৭<br>judicialar@gmail.com<br>mizanur.87rah@yahoo.com | |

পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উক্ত কমিটি কার্যকর থাকবে।

**স্বাঃ/-**
(মোঃ আলী আকবর)
রেজিস্ট্রার জেনারেল
৯৫৬১৯৫২ (অ:)
rg@supremecourt.gov.bd

স্মারক নং- তারিখঃ ১৯ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ / ০২ জুন ২০২০ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-**

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৩. জেলা জজ/মহানগর দায়রা জজ, ................................ (সকল) (অধীনস্ত বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হল)।
৪. বিভাগীয় স্পেশাল জজ/স্পেশাল জজ, ................................ (সকল)।
৫. চেয়ারম্যান/সদস্য, প্রশাসনিক অ্যাপিলেট ট্রাইব্যুনাল/ শ্রম আপীল আদালত/ প্রশাসনিক ট্রাইব্যুনাল/শ্রম আদালত............(সকল)।
৬. চেয়ারম্যান/সদস্য, কোর্ট অব সেটেলমেন্ট, নিম্নতম মজুরী বোর্ড, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট অ্যাপিলেট ট্রাইব্যুনাল ............ (সকল)।
৭. বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, দ্রুত বিচার ট্রাইব্যুনাল, ............ (সকল)।
৮. বিচারক, পরিবেশ আপীল আদালত/সাইবার ট্রাইব্যুনাল/মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল/সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল.....................(সকল)।
৯. অতিরিক্ত রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
১০. স্পেশাল অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
১১. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ............ (সকল) (অধীনস্ত বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হল)।
১২. ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
১৩. রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৪. প্রধান বিচারপতির সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
১৫. প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
১৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
১৭. সভাপতি/সেক্রেটারী, জেলা আইনজীবী সমিতি, ................................ (সকল)।
১৮. নোটিশ বোর্ড।

02/04/2020

(মোঃ মিজানুর রহমান)
সহকারী রেজিস্ট্রার (বিচার)